



এই শহরে নাটকের একটি দৃশ্যে ফজলুর রহমান বাবু ও কুসুম শিকদার

## নির্মিত হয়েছে ধারাবাহিক এই শহরে

বিনোদন ডেস্ক

চিত্র লিমিটেডের ব্যানারে সস্তি নির্মিত হয়েছে ধারাবাহিক নাটক 'এই শহরে'। রচনা সুময় সুমন। নাটকটি যৌথভাবে পরিচালনা করেছেন রেজুয়ান আহমেদ ও কামরুজ্জামান বাবু। এ নাটকে ফজলুর রহমান বাবু ও কুসুম শিকদারকে স্বামী-স্ত্রীর চরিত্রে অভিনয় করতে দেখা যাবে। জীবিকার তাগিদে গ্রাম ছেড়ে শহরে আসেন, তাদের দুজনের অ্যাশিশন দুই ধরনের। বাবু প্রতিষ্ঠিত গায়ক হবে কুসুম হবে শ্রেষ্ঠ অভিনেত্রী। যার তাগিদে তারা ছুটে আসে এই শহরে। এখানে এসে তাদের অ্যাশিশন ফুলফিল করতে শুরু হয় নানা বৈচিত্র্যময় নাটকীয়তা। এ নাটকে অভিনয় প্রসঙ্গে ফজলুর রহমান বাবু বলেন, নাটকের চরিত্রটি আমার ভালো লেগেছে যেহেতু আমি টুকটাক

গান গাই, আমার ব্যক্তি চরিত্রের সঙ্গে অভিনয়ের মিল আছে। নাটকটি নির্মাণে পরিচালকের কাজের যে যত্ন আমার ভালো লেগেছে। আশা করি, দর্শকদের নাটকটি ভালো লাগবে। পরিচালক রেজুয়ান আহমেদ বাবুর সুরে বললেন, অনেক যত্ন ও সময় নিয়ে কাজটি করছি। দর্শক একটি পরিষ্কৃত নাটক দেখতে পাবে। শুধু বিনোদন নয় বাস্তবভিত্তিক কিছু মেসেজ রয়েছে। যেখান থেকে কিছু শেখার থাকবে। ৫২ পর্বে সাজানো হয়েছে, নাটকের ১৩ পর্বের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। মার্চের মাঝামাঝি সময়ে এটিএন বাংলা নাটকটি প্রচারিত হবে। কুসুম ও বাবু ছাড়া এ নাটকে অভিনয় করেছেন- আজিজুল হাকিম, বিজরী বরকতউল্লাহ, চিত্রলেখা গুহ, জ্যোতিকা জ্যোতি প্রমুখ।

## অমিয়া মতিনের তিন অ্যালবাম

বিনোদন ডেস্ক

এ বছর অমিয়া মতিনের তিনটি অ্যালবাম প্রকাশিত হতে যাচ্ছে। প্রথম অ্যালবামটি সাজানো হয়েছে জনপ্রিয় গীতিকার এবং সঙ্গীত পরিচালক শেখ সাদী খানের সুরে বিভিন্ন গীতিকারের লেখা কিছু গান নিয়ে। দ্বিতীয় অ্যালবামটি রয়েছে



বর্তমান সময়ের জনপ্রিয় সঙ্গীত পরিচালক বাসুদেবের সুরে কিছু মৌলিক গান। তৃতীয় অ্যালবামটিতে রয়েছে হারানো দিনের কিছু জনপ্রিয় গান। এটি একটি ডুয়েট গানের অ্যালবাম। এ অ্যালবামে অমিয়া মতিনের সঙ্গে কণ্ঠ দিয়েছেন জনপ্রিয় সঙ্গীতশিল্পী সুবীর নন্দী। এর আগে অমিয়া মতিনের গাওয়া আরো পাঁচটি সিডি বেরিয়েছে। সিডিগুলো যথাক্রমে নজরুলগীতি 'আশা পথচাহি', আবুহেনা মোস্তফা কামালের গান নিয়ে 'জানিনা কেন যে ভালোলাগে', নজরুল গীতি 'ভোরের কুন্দকলি', পুরনো দিনের আধুনিক বাংলা গান 'যতো ভাবনা ছিল' এবং 'যেতে যেতে কিছু কথা' শিরোনামে।

### ট্যালেন্টপুলে বৃত্তি



মো: রাফিকুল হাছান চৌধুরী (রাফিক) ২০০৯ সালে অনুষ্ঠিত সরকারী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সেনবাগ মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। সে নোয়াখালীর সেনবাগ উপজেলার ডুমুরিয়া ইউনিয়নের অশ্বদিয়া গ্রামের চৌধুরীগাজী বাড়ির সিরাজ উদ্দৌলা চৌধুরী ও জেসমিন আরা-এর একমাত্র পুত্র। সে বড় হয়ে সেনাবাহিনীতে যোগ দিয়ে দেশের সেবা করতে আগ্রহী। সে সকলের দোয়া প্রত্যাশী। সিপি-৪৮-২৯/১০

## নির্মাতা ও শিল্পীদের মধ্যে

জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী পরিচালক পাড়ের দৌলতী মুক্তি পেয়েছে। ছবিটি পরিচালনা করেছেন আপনি। চরিত্রটি কতোটুকু ধারণ করতে পারবে।

দরিয় পাড়ের দৌলতী ছবির দৌলতী চরিত্রে অভিনয় করেছেন আপনি। চরিত্রটি কতোটুকু ধারণ করতে পারবে।

পেরেশেন? আমি চেষ্টা করেছি চরিত্রটির সঙ্গে শতভাগ মিশে যেতে। গল্পটি আমি বারবার পড়েছি। কতোটুকু দৌলতী হতে পারবে।

ছবিটি নিয়ে আপনার প্রত্যাশার কথা বলুন? এ ছবিটি নিয়ে আমার অনেক প্রত্যাশা। কারণ ছবির যে চরিত্রে আমি অভিনয় করেছি এটা আমার জীবনের একটি শ্রেষ্ঠতম চরিত্র বলবো। আমার বিশ্বাস ছবিটি ব্যাপক প্রশংসিত হবে জাতীয় ও আন্তর্জাতিকভাবে।

টিভিতে আপনাকে প্রায়ই দেখা যাচ্ছে এতে চলচ্চিত্রে অভিনয়ে কোনো প্রভাব পড়বে বলে মনে করেন? আমার শুরুটাই তো টিভি দিয়ে। লালু সুপার স্টার হওয়ার পর অনেক বিজ্ঞাপনে কাজ করেছি। দর্শক আমাকে তো ঘন ঘন দেখায় অভ্যস্ত। আর ঘন ঘন স্ক্রিনে থাকটা জরুরি।

চলচ্চিত্রে আপনার কাজ কিছুটা কমে গেছে এ ব্যাপারে আপনার বক্তব্য কি? কাজ আসলে ইচ্ছা করলে বেশি করা যায়। কিন্তু আমি করছি না।

একটা মানসম্পন্ন কাজ করার চেষ্টা করছি। আপনারা জানেন, ইতিমধ্যে বেশকিছু মানসম্পন্ন ছবি করেছিও।



## টিভিতে

খবর  
বিটিভি : রাত ৮-০০ ও ১০-০০।  
এনটিভি : সকাল ৭-৩০ দুপুর ১২-০০ দুপুর ২-০০ সন্ধ্যা ৭-৩০ রাত ১০-৩০।  
বাংলাভিশন : সকাল ৮-০০ দুপুর ২-০০ সন্ধ্যা ৬-০০ ও রাত ১০-৩০।  
এটিএন বাংলা : সন্ধ্যা ৭-০০ ও রাত ১০-০০।  
চ্যানেল আই : সন্ধ্যা ৭-০০ ও রাত ১০-৩০।  
চ্যানেল ওয়ান : সকাল ৮-০০ দুপুর ২-৩০ বিকাল ৫-০০ সন্ধ্যা ৬-৩০ ও ৭-৩০ রাত ১০-০০ ও ১২-৩০।  
দিগন্ত টেলিভিশন : সন্ধ্যা ৭-০০ রাত ৯-০০ ও ১০-০০।  
ইটিভি : বিকাল ৫-০০ সন্ধ্যা ৭-০০ ও রাত ৯-০০।  
বিবিসি ওয়ার্ল্ড : সকাল ৯-০০ বিকাল ৩-০০ সন্ধ্যা ৭-০০ ও রাত ১১-৩০।

ধারাবাহিক নাটক  
এনটিভি : রাত ৮-১৫ নাটক-গ্রাজুয়েট, ৯টা নাটক: পরীর নাম মোটুসী।  
এটিএন বাংলা : রাত ৮টা ধারাবাহিক নাটক-প্রজাপতি মন, ৮-৪০ ধারাবাহিক নাটক-একা, ৯-২০ ধারাবাহিক নাটক-জলকণা।  
চ্যানেল আই : রাত ১০টা ধারাবাহিক নাটক-কাটাধুড়ি, ১১-৩০ ধারাবাহিক নাটক-খুঁজে ফিরি।